

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ শাখা।

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহ কর্তৃক প্রেরিত ২০১৮-২০১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টার এর অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনার জন্য নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: কামাল উদ্দিন তালুকদার।
তারিখ : ০৯/০৪/২০১৯ ইং।
সময় : বেলা ২.৩০ ঘটিকা।
সভার স্থান : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি পরিশিষ্ট-‘ক’-তে।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সভাকক্ষে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৮-১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশলের ৩য় কোয়ার্টার এর অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনার জন্য ০৯/০৪/২০১৯ তারিখ ২.৩০ ঘটিকায় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা ‘পরিশিষ্ট-ক’-তে দ্রষ্টব্য। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা নূরুন নাহার, উপসচিব-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান।


আলোচনা :

জাতীয় শুদ্ধাচার কৌশল-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা নূরুন নাহার, উপসচিব এ বিভাগের দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থবছরের পরিবীক্ষণ ছক মোতাবেক ৩য় কোয়ার্টারের অর্জন প্রতিবেদন উপস্থাপন করেন। তিনি অধিনস্থ দপ্তর/সংস্থাগুলোর ২০১৮-১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল এর লক্ষ্যমাত্রা অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন। বিভিন্ন দপ্তর/সংস্থার কিছু সূচকের ক্ষেত্রে ৩য় কোয়ার্টার পর্যন্ত আনুপাতিক অর্জন সন্তোষজনক না হওয়ায় সভাপতি মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল-এর লক্ষ্যমাত্রা সঠিক ও যথাযথভাবে প্রতিপালনের জন্য আরো সচেতন হওয়ার পরামর্শ প্রদান করেন। এছাড়া, এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার পরিবীক্ষণ কাঠামো ছকে উল্লিখিত কার্যক্রমের মধ্যে দ্রুততার সাথে সমবায় আইন ও বিধিমালা সংশোধন, শুদ্ধাচার পুরস্কার প্রদান, লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন বিষয়েও সভাপতি মহোদয় পরামর্শ প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:-

- ১) সমবায় আইন ও বিধিমালা সংশোধনের বিষয়ে দ্রুততার সাথে কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- ২) শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য লক্ষ্যমাত্রায় উল্লিখিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- ৩) লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- ৪) ভিডিও কনফারেন্স-এর আয়োজন করতে হবে।

৫

- ৫) জরুরী পত্রাদি/নোটিশ প্রেরণের ক্ষেত্রে ই-মেইল ও এস এম এস-এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবগত করতে হবে।
- ৬) ২০১৮-১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় যে সকল দপ্তর/সংস্থা ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণে ব্যর্থ হয়েছে তাদেরকে ৩য় কোয়ার্টারের ঘাটতিপূরণসহ লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন নিশ্চিত করতে হবে।
- ৭) সকল শাখা প্রধান তাদের স্ব-স্ব শাখার শুদ্ধাচারের উপর কার্যক্রম বাস্তবায়নের জন্য যথাযথ মনিটরিং-এর ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৮) এ বিভাগের সিটিজেন চার্টার অনুযায়ী ১০০% সেবা নিশ্চিত করতে হবে।
- ৯) সেবা প্রদানের ক্ষেত্রে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীকে ১০০% ভাগ সততা ও নিষ্ঠার পরিচয় দিতে হবে।
- ১০) সর্বশেষ কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন নিশ্চিত করতে হবে।
- ০২। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মো: কামাল উদ্দিন তালুকদার)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।